

দুটি সন্তানের বেশী নয়
একটি হলে ভাল হয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

১৩/৮/১৯

স্মারক নং- পপঅ/প্রশা-১/নিয়োগ-২২২/২০১৪/২২৩৩

তারিখ : ১৯ শ্রাবণ, ১৪২৪
০৩ আগস্ট, ২০১৭

নিয়োগপত্র

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৪/১১/২০১০খ্রিঃ তারিখের ০৫.১৬৬. ০২২.০০.০০.০৪৪.১৯৮৮-১৩৫৬ নম্বর পরিপত্র এর আলোকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ০৪.১২.২০১৩ খ্রিঃ তারিখের ৪৫.১৬৯.০১১.০০.০০.০২০.২০১৩-৩১১ ও ১২.০৫.২০১৪ খ্রিঃ তারিখের ৪৫.১৬৯.০১১.০০.০০.০২০.২০১৩-১৭৪ নম্বর স্মারকে জনবল নিয়োগের প্রাপ্ত ছাড়পত্র, ৩০.০৪.২০১৫খ্রিঃ তারিখের ৪৫.১৬৯. ০১৬.০০.০০.০২০.২০১৩-১৫৪ ও ২৭.১২.২০১৫খ্রিঃ তারিখের ৪৫.১৬৯.০১৬.০০. ০০.০২০.২০১৩-৪৪১ নম্বর স্মারকে জনবল নিয়োগের ছাড়পত্রের মেয়াদ বৃদ্ধিকরণের পরিপ্রেক্ষিতে;

২। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ০৫.০৬.২০১৪খ্রিঃ তারিখের পপঅ/প্রশা-১/নিয়োগ-২২২/২০১৪/১৩০২ নম্বর স্মারকে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি মোতাবেক পরিবার পরিকল্পনা অধিদপ্তরের বিভাগীয় নির্বাচন কমিটির সুপারিশক্রমে নিম্নবর্ণিত প্রার্থীকে “বাবুর্চি (কুক)” পদে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ২০ (বিশ) তম গ্রেডে ৮২৫০-২০০১০/- টাকা বেতনক্রমে রাজস্বখাতে অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে শূন্য পদে নিয়োগ প্রদান করা হ'ল :

রোল নম্বর	নাম, পিতা / স্বামীর নাম	স্থায়ী ঠিকানা	যোগদানের স্থান
৮১৪০০২২	মোছাঃ হেনা খাতুন পিতা : মৃত মোজাম্মেল হক	গ্রামঃ পূর্ব ছালুয়া, পোঃ উদাখালী, উপজেলা : ফুলছড়ি, জেলা : গাইবান্ধা	পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণ প্রতিষ্ঠান, আজিমপুর, ঢাকা।

শর্তাবলী :


- ১। তাঁর নিজের ব্যবস্থায় সৎশিল্প সিভিল সার্জন কর্তৃক শারীরিক যোগ্যতা সম্পর্কে প্রয়োজনীয় সনদপত্র চাকুরীতে যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদনে কোন বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারী দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রতীয়মান হলে কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করতে পারবেন।
- ২। চারিত্রিক ও পূর্ব কার্যকলাপ সম্পর্কে পুলিশ তদন্ত প্রতিবেদন সন্তোষজনক না হলে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- ৩। যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে। যোগদানের ০২ (দুই) বৎসরের জন্য তিনি শিক্ষানবিশ হিসাবে কর্মরত থাকবেন। শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ চাকুরী বিলোপ ঘটাতে পারবেন।
- ৪। চাকুরীতে যোগদানের সময় তাঁর শিক্ষাগত যোগ্যতাসহ অন্যান্য সকল সনদপত্রের সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে।
- ৫। সরকারী নিয়ম অনুযায়ী সময় সময় যে সকল পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে, সে সকল পরীক্ষা ও প্রশিক্ষণে অংশ গ্রহণ করতে হবে।
- ৬। স্থায়ী ঠিকানা সম্পর্কে ভবিষ্যতে কোন গড়মিল প্রমাণিত হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- ৭। নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে এ নিয়োগ সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত বিধি বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে।
- ৮। তাঁর চাকুরী বাংলাদেশের পরিবার পরিকল্পনা অধিদপ্তরের আওতাধীন যে কোন প্রতিষ্ঠানে বদলী যোগ্য।
- ৯। উপযুক্ত শর্তাবলীর আওতায় এ নিয়োগপত্র গ্রহণে সম্মত থাকলে আগামী ৩১/০৮/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে অধ্যক্ষ, পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণ প্রতিষ্ঠান, আজিমপুর, ঢাকা, বরাবর যোগদান করতে হবে। উক্ত তারিখের মধ্যে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।
- ১০। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ০৫/০৬/২০১৪ খ্রিঃ তারিখের পপঅ/প্রশা-১/নিয়োগ-২২২/২০১৪/১৩০২ নম্বর স্মারকে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তি মোতাবেক নিয়োগ প্রক্রিয়া আরম্ভ করা হয়। Ministry of Cabinet Affairs, Establishment Division Section-ED/JV এর ২১/১২/১৯৭৪ খ্রিঃ তারিখের ED/JV-৩৪/৭৪-২০ নম্বর স্মারক মোতাবেক “ নিয়োগ প্রক্রিয়ায় বিলম্বের কারণে চাকরিতে প্রবেশের নির্ধারিত বয়সসীমা অতিক্রম করলে অতিরিক্ত বয়স প্রমার্জিত বলে গণ্য হবে ”।
- ১১। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ০৩/০৭/২০১৭ খ্রিঃ তারিখের ৪৮.০০.০০০০.০০২.১৬.৬৩৬.২০১৭/৮১৭ নম্বর স্মারকে নির্দেশক্রমে প্রত্যয়নকৃত/ সাময়িক ভাবে প্রত্যয়নকৃত মুক্তিযোদ্ধার সনদধারী মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীদের ভবিষ্যতে নিয়মিত প্রত্যয়নের বিষয়ে চূড়ান্ত যাচাই বাছাইয়ে মুক্তিযোদ্ধার সঠিকতা সম্পর্কে বিরূপ কোন মন্তব্য পাওয়া গেলে তাদের নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং গৃহীত সমুদয় সুবিধাদি প্রত্যর্পণ করতে বাধ্য থাকবেন।
- ১২। পরিবার পরিকল্পনা অধিদপ্তরীয় নির্ধারিত বাজেট বরাদ্দ হতে বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন।

Appointment Letter-2017

চলমান পাতা-০২

- ১৩। চাকুরীতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
১৪। জনস্বার্থে এ নিয়োগ আদেশ জারী করা হলো।


মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে।


(শেখ মোঃ শামীম ইকবাল)
অতিরিক্ত সচিব ও
পরিচালক (প্রশাসন)
তারিখ : ১৯ শাবণ, ১৪২৪
০৬ আগস্ট, ২০১৭

স্মারক নং- পপঅ/প্রশা-১/নিয়োগ-২২২/২০১৪/ ২২৩৩/১(২০০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হ'ল :

- ১। অতিরিক্ত সচিব(প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, জাতীয় জনসংখ্যা গবেষণা ইনস্টিটিউট (নিপোর্ট), আজিমপুর, ঢাকা।
৩। পরিচালক/ লাইনডাইরেক্টর (সকল) ----- এ অধিদপ্তর।
৪। পরিচালক, পরিবার পরিকল্পনা, -----বিভাগ।
৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, হিসাব মহানিয়ন্ত্রক ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
৬। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয় (সকল) ----- জেলা।
৭। সিভিল সার্জন, সিভিল সার্জনের কার্যালয় (সকল) ----- জেলা।
৮। উপপরিচালক, পরিবার পরিকল্পনা (সকল), -----জেলা।
৯। সিনিয়র এসাইনমেন্ট অফিসার, জনপ্রশাসন মন্ত্রণালয়, সংগঠন ও ব্যবস্থাপনা অনুবিভাগ, টিম-১০ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। অধ্যক্ষ, পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণ প্রতিষ্ঠান, আজিমপুর, ঢাকা (সংশ্লিষ্ট পদধারীর যোগদানপত্র গ্রহণ করে অবহিত করার জন্য অনুরোধ করা হ'ল)।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এ অধিদপ্তর।
১২। জনাব/বেগম
পিতা/ স্বামীর নাম
গ্রাম- ডাকঘর-
উপজেলা- জেলা-
১৩। অফিস কপি।


(মোঃ আব্দুর রহিম চৌধুরী)
উপপরিচালক (পার্সোনেল)
ফোন নং- ৮১২৮৫৭৭
